সমকাল

তারিখ: 31 MAY 2016
পৃ: ৫ কলাম: ৩

# ধর্ম নিয়ে লেখায় লাইক দেওয়ায় শিক্ষক সাসপেন্ড

■ বিডিনিউজ

এবার বগুড়ার শেরপুরে ধর্ম অবমাননার অভিযোগ তুলে স্থানীয় একদলের দাবির মুখে এক হিন্দু শিক্ষককে বিদ্যালয় থেকে সাসপেন্ড করা হয়েছে। গণিতের শিক্ষক বিপ্লব কুমার রায়ের বিরুদ্ধে অভিযোগ তোলা হয়েছে, তিনি ধর্ম নিয়ে ফেসবুকে একটি 'আপত্তিকর লেখায় লাইক দিয়েছেন'।

সুঘাট ইউনিয়নের কল্যাণী উচ্চ বিদ্যালয়ের ওই সহকারী শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি তুলে সোমবার বিদ্যালয় প্রাঙ্গণে জড়ো হয়েছিল স্থানীয়রা। এরপর বিদ্যালয় পরিচালনা পর্ষদ ওই শিক্ষককে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত নিয়ে তদন্ত কমিটি গঠন করে বলে ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুদেব পাল জানান।

ওই আইডিটি বিপ্লব কুমারের কি-না, তা জানতে তার সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। সোমবার তিনি বিদ্যালয়েও অনুপস্থিত ছিলেন।

এদিকে বিদ্যালয়ে উত্তেজনার খবর পেয়ে সোমবার উপজেলা নির্বাহী কর্মকতা, উপজেলা শিক্ষা কর্মকর্তা ও পুলিশ সেখানে যান।

প্রধান শিক্ষক সুদেব বলেন, শিক্ষক বিপ্লব কুমারের বিরুদ্ধে অভিযোগ করা হলে তিনি সঙ্গে সঙ্গে তা পরিচালনা পর্ষদের সভাপতি ইসরাইল হোসেন বাদল বিশ্বাসকে জানান। পরে বিদ্যালয় পরিচালনা পর্ষদের জরুরি বৈঠকে শিক্ষককে সাময়িক বরখাস্তের পাশাপাশি তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয় বলে প্রধান শিক্ষক জানান।

ইউএনও একেএম সারোয়ার জাহান বলেন, 'কৃষ্ণ কুমার আইডিটি বিপ্লব কুমারের কি-না, তদন্তে আইটি বিশেষজ্ঞদের সহায়তা নেওয়া হবে।'